

শিক্ষক-শিক্ষার্থী মিলেই নতুন জ্ঞানের সৃষ্টি করতে হবে : ইউজিসি চেয়ারম্যান

টাঙ্গাইল প্রতিনিধি



ছবি: কালের কঠ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান

অধ্যাপক ড. এসএমএ ফায়েজ বলেছেন, 'বিশ্ববিদ্যালয় শুধু জ্ঞান

অর্জনের জায়গা নয়, জ্ঞান বিতরণেরও স্থান। শিক্ষক-শিক্ষার্থীদের

মিলেই নতুন জ্ঞানের সৃষ্টি করতে হবে। বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা

করে শুধু নিজে শিক্ষিত হলেই দায়িত্ব শেষ হয় না, বরং আমার

দ্বারা সমাজ ও দেশ কী পেল তা নিয়েও ভাবতে হবে।'

পঞ্চম



আমি প্রতিদিনই হৃষকি পাচ্ছি : মাসুদ কামাল

বুধবার (৩ সেপ্টেম্বর) টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও

প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নবীনবরণ

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বিশ্ববিদ্যালয়ের মুক্তমন্ত্রের এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন

ইউজিসির সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান।

তিনি নবীনদের উদ্দেশে বলেন, ‘যার নামে এ বিশ্ববিদ্যালয়
প্রতিষ্ঠিত, সেই মওলানা আবদুল হামিদ খান ভাসানীর আদর্শ বুকে
ধারণ করতে হবে শিক্ষক-শিক্ষার্থীদের। শুরু থেকেই পড়াশোনায়
মনোযোগী হতে হবে, নইলে চোরাবালিতে তলিয়ে যাওয়ার ঝুঁকি
থাকে।’

বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. আনোয়ারুল

আজীম আখন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বিভিন্ন

অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মতিউর রহমান

(ইঞ্জিনিয়ারিং অনুষ্ঠান), অধ্যাপক ড. আবু জুবাইর (লাইফ সায়েন্স

অনুষ্ঠান), অধ্যাপক ড. মোহাম্মদ ইদ্রিস আলী (বিজ্ঞান অনুষ্ঠান),

অধ্যাপক ড. কানিজ মরিয়ম আক্তার (বিজনেস স্টাডিজ অনুষ্ঠান) ও

অধ্যাপক ড. নাজমুস সাদেকীন (সামাজিক বিজ্ঞান অনুষ্ঠান)।

ঘন



সাকিবের রেকর্ড ভাঙলেন লিটন

নবীন বরণ আয়োজন কমিটির সদস্যসচিব অধ্যাপক ড. ফজলুল

করিম। অনুষ্ঠান পরিচালনা করেন অধ্যাপক ড. মোছা. নুরজাহান

খাতুন। নবীন শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য দেন শাহ মাহিন

চোধুরী ও ফারিহা মেহজাবিন আদিবা।

শুরুতে ফুল দিয়ে নবীনদের বরণ করা হয়।

এর আগে প্রধান অতিথি ও আমন্ত্রিত অতিথিরা বিশ্ববিদ্যালয়

ক্যাম্পাসস্থ মজলুম জননেতা মওলানা আবদুল হামিদ খান

ভাসানীর মাজারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন।